New York State Education Department
Office of Bilingual Education and World Languages



# নিউ ইয়র্ক স্টেটে ইংরেজি ভাষার শিক্ষার্থীর মাতা-পিতাদের জন্য নির্দেশিকা

BENGALI

মাননীয় মাতা-পিতা/অভিভাবক,

যে সকল শিক্ষার্থী বাড়ীতে ইংরেজি ভিন্ন অন্য কোন ভাষা ব্যবহার করে সেই সকল শিক্ষার্থীর জন্য নিউ ইয়র্ক স্টেট শিক্ষা বিভাগের দ্বিভাষিক শিক্ষা এবং বিশ্ব ভাষা দপ্তর (Office of Bilingual Education and World Languages, অফিস অফ বাইলিঙ্গুয়াল এডুকেশন এ্যান্ড ওয়ার্ল্ড ল্যাঙ্গুয়েজেস) চেষ্টা করে যাতে তারা শিক্ষা ক্ষেত্রে সমতা এবং উৎকর্ষ লাভের সুযোগ পায়।যদি আপনার সন্তান বাড়ীতে ইংরেজি ছাড়া অন্য ভাষা ব্যবহার করে এবং সে যদি বর্তমানে ইংরেজি শেখে বা ইংরেজি শেখার পথে অগ্রসর হয়, তাহলে সে দ্বিভাষী হয়ে উঠছে। আপনার সন্তানকে অভিনন্দন! দ্বিভাষী শিশুরা অনন্য সম্পদের ও সুবিধার অধিকারী এবং তাদের সামনে অগাধ সুযোগ রয়েছে। নিউ ইয়র্ক স্টেট শিক্ষা বিভাগ দ্বৈভাষিকতাকে অত্যন্ত মূল্য দেয় এবং একটি সর্বোৎকৃষ্ট পরিবেশ সৃষ্টি করার চেষ্টা করে যাতে আপনার সন্তানের ভাষার পূর্ণ বিকাশ ঘটে।

নতুন ভর্তি হওয়া শিক্ষার্থীদের মধ্যে যাদের বাড়ীতে ব্যবহৃত ভাষা বা প্রাথমিক ভাষা ইংরেজি ব্যতীত অন্য কিছু এবং যাদের ইংরেজিতে দক্ষতা অর্জনের জন্য সহায়তা প্রয়োজন, সেই সমস্ত শিক্ষার্থীর জন্য যে যে শিক্ষাগত কর্মসূচি আছে তা জানতে আমরা আপনাদের আমন্ত্রণ জানাই। এই সমস্ত শিক্ষার্থীকে ইংরেজি ভাষার শিক্ষার্থী (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লারনার্স-ই এল এল এস) বা বহুভাষিক শিক্ষার্থী (মাল্টিলিংগুয়াল লারনার্স-এম এল এল এস) বলা হয়। আমরা এটা মানি যে এই সমস্ত শিক্ষার্থী শুধুমাত্র তাদের ইংরেজি ভাষাগত কৌশল-ই বৃদ্ধি করছে তা-ই নয়, তারা দ্বি-সাক্ষর (biliterate, বাইলিটারেট) বা কোনো কোনো ক্ষেত্রে বহুভাষী (multilingual, মাল্টিলিঙ্গুয়াল) শিশুতে পরিণত হচ্ছে।

নিউ ইয়র্ক রাজ্যে দুই শতের অধিক ভাষা বলা হয়ে থাকে এবং এর দরুন, সাংস্কৃতিক এবং ভাষাগত ভিত্তিতে, এটা বিশ্বের এক অন্যতম বৈচিত্র্যপূর্ণ স্থান। একের অধিক ভাষায় জ্ঞান থাকাটা আমাদের শিক্ষার্থীদের এক অমূল্য সম্পদ। সুতরাং, সমস্ত শিক্ষার্থী যাতে শিক্ষাক্ষেত্রে প্রভূত সাফল্য অর্জন করে তার জন্য, নিউ ইয়র্ক স্টেট ব্যাপী ই এল এল-দের শিক্ষামূলক কর্মসূচিগুলি তাদের বাড়ীর ভাষা বা প্রাথমিক ভাষা ব্যবহার করার দিকে লক্ষ্য রাখে।

এই নির্দেশিকায় শিশুদের কিভাবে ই এল এল হিসেবে চিহ্নিত করা হয়, ই এল এল-দের জন্য উপলব্ধ বিভিন্ন কর্মসূচি, কখন শিক্ষার্থীরা ই এল এল কর্মসূচি ও পরিষেবাগুলি অতিক্রমণ করতে পারে এবং আপনি কিভাবে আপনার স্থানীয় স্কুল থেকে অতিরিক্ত তথ্য, সামগ্রী এবং সম্পদ পেতে পারেন সে সমস্ত বিষয়ে তথ্য পাবেন।

আমরা বিশ্বাস করি যে, কোন কর্মসূচিতে শিশুর সামাজিক, সাংস্কৃতিক এবং শিক্ষাগত প্রয়োজন সব থেকে ভাল ভাবে মিটবে, তা নির্ধারণের ক্ষেত্রে মাতা-পিতা এবং পরিবার একটি অপরিহার্য ভূমিকা গ্রহণ করে থাকে। এই প্রক্রিয়ার প্রতিটি পদক্ষেপে আপনাকে অংশীদার হিসেবে পেতে এবং আপনার সাথে কাজ করতে আমরা একান্তভাবে উৎসাহী।

একটি আনন্দময়, সুস্থ এবং সফল শিক্ষাবর্ষের জন্য আমাদের শুভ কামনা রইলো।

আন্তরিকতা সহ,

A. Infante

Angelica Infante-Green
এঞ্জেলিকা ইনফ্যান্টে-গ্রীন

সহকারী কমিশনার, দ্বিভাষিক শিক্ষা এবং বিশ্ব ভাষা
দ্বিভাষিক এবং বিশ্ব ভাষা দপ্তর
নিউ ইয়র্ক স্টেট শিক্ষা বিভাগ

## সূচিপত্র


ইংরেজি ভাষা বিষয়ক পুনঃ জিজ্ঞাসিত প্রশ্নাবলী

ভাষা শিক্ষার্থী (ই এল এল এস) পৃষ্ঠা ১

লক্ষণীয় কর্মসূচি পৃষ্ঠা ২

দ্বিভাষিক শিক্ষা

- পরিবর্তনশীল দ্বিভাষিক শিক্ষা কর্মসূচি পৃষ্ঠা ২
- এক বা দ্বিমুখী দ্বি-ভাষা কর্মসূচি পৃষ্ঠা ২

নতুন ভাষা হিসেবে ইংরেজি কর্মসূচি পৃষ্ঠা ৩

ইংরেজি ভাষার শিক্ষার্থী এবং বহুভাষী শিক্ষার্থীদের সংক্রান্ত ভ্রান্তধারণা পৃষ্ঠা ৫

আপনি কি জানতেন? দ্বৈভাষিকতা এবং দ্বিভাষিক শিক্ষা বিষয়ক তথ্য পৃষ্ঠা ৭

আপনার সন্তানের শিক্ষায় অংশগ্রহণ পৃষ্ঠা ৯

ই এল এল-দের মাতা-পিতাদের জন্য সামগ্রী পৃষ্ঠা ১০




# ইংরেজি ভাষার শিক্ষার্থী (ই এল এল এস) এবং বহুভাষী শিক্ষার্থীদের (এম এল এল এস) সংক্রান্ত পুনঃ জিজ্ঞাসিত প্রশ্নাবলী

## আমার শিশুকে ইংরেজি ভাষার শিক্ষার্থী (ই এল এল) / বহুভাষী শিক্ষার্থী (এম এল এল) হিসেবে কেমন করে চি হ্নিত করা হয়?

নিউ ইয়র্ক স্টেটে সমস্ত নতুন ভর্তি হওয়া শিক্ষার্থী বা দু-বছরের ব্যবধানে ভর্তি হওয়া শিক্ষার্থীর একটি বাড়ীতে ব্যবহৃত ভাষা প্রশ্নাবলী- Home Language Questionnaire (হোম ল্যাঙ্গুয়েজ কোয়েশ্চনেয়ার, এইচ এল কিউ) পূরণ করা আবশ্যক। এইচ এল কিউ-টিকে অবশ্যই ভর্তির সময় প্রদান করতে হবে।

এই প্রশ্নাবলীর উত্তর, এবং তার সাথে নেওয়া এক ঘরোয়া সাক্ষাৎকারের মাধ্যমে একজন যোগ্য শিক্ষক বা কোন পেশাদারী কর্মচারী শিক্ষার্থীর বাড়ীতে ব্যবহৃত ভাষাগুলি সম্বন্ধে জানতে পারবেন। প্রশ্নাবলীর উত্তর এবং সাক্ষাৎকার থেকে যদি নির্দেশিত হয় যে শিক্ষার্থী বাড়ীতে ইংরেজি ছাড়া অন্য ভাষা ব্যবহার করে তাহলে আপনার সন্তানকে নিউ ইয়র্ক স্টেট আইডেন্টিফিকেশন টেস্ট ফর ইংলিশ ল্যাঙ্গুয়েজ লারনার্স (এন ওয়াই এস আই টি ই এল এল) নামক একটি ইংরেজি ভাষা দক্ষতা পরীক্ষায় বসতে হবে।

এর পর, এন ওয়াই এস আই টি ই এল এল এর ফলাফল ব্যবহার করে আপনার সন্তানের ইংরেজি ভাষার স্তর মূল্যায়ন করা হবে (এন্টারিং, ইমার্জিং, ট্রান্‌জিশনিং, এক্সপ্যান্ডিং এবং কম্যান্ডিং)।যদি আপনার সন্তানের নম্বর এন্টারিং (Beginning-বিগিনিং, প্রাথমিক), ইমার্জিং (Low Intermediate-লো ইন্টারমিডিয়েট, নিম্ন মাধ্যমিক), ট্রান্‌জিশনিং (Intermediate-ইন্টারমিডিয়েট, মাধ্যমিক), বা এক্সপ্যান্ডিং (Advanced-এ্যাডভান্‌সড, উচ্চতর) স্তরে থাকে তাহলে তাকে ই এল এল হিসেবে চিহ্নিত করা হয়। ই এল এল-রা দ্বিভাষিক শিক্ষা (বাইলিঙ্গুয়াল এডুকেশন, বি ই) অথবা নতুন ভাষা হিসেবে ইংরেজি (ইংলিশ এ্যাজ আ নিউ ল্যাঙ্গুয়েজ, ই এন এল) পরিষেবা পেয়ে থাকে। যদি শিক্ষার্থী কম্যান্ডিং (Proficient, দক্ষ)স্তরে নম্বর পেয়ে থাকে তাহলে সে ই এল এল হিসেবে চিহ্নিত হয় না।

এন ওয়াই এস আই টি ই এল এল-এর ফলাফল শিক্ষকদের নিজেদের আরো ভাল করে তৈরি হতে এবং শিক্ষার্থীদের আরো ভাল করে পড়াতে সাহায্য করে। এই তথ্য ব্যবহার করে শিক্ষকরা ইংরেজি ভাষা শোনা, বলা, পড়া এবং লেখায় তাঁদের শিক্ষার্থীর সামর্থ্য ও প্রয়োজনগুলিকে শনাক্ত করতে পারে। এছাড়াও, স্কুল প্রত্যেক সপ্তাহে ন্যূনতম কত মিনিট নতুন ভাষা হিসেবে ইংরেজি (ইংলিশ এ্যাজ আ নিউ ল্যাঙ্গুয়েজ, ই এন এল) শিক্ষাদানের জন্য ধার্য করবে, এই ফলাফলগুলি স্কুলকে সে বিষয়ে পথ প্রদর্শন করে।

চিহ্নিতকরণের প্রক্রিয়া স্কুলে নতুন বছর শুরু হওয়ার আগে, বা শিক্ষার্থীর ভর্তির দশ দিনের মধ্যে অবশ্যই করতে হবে।

| স্তর | ইংরেজি ভাষায় দক্ষতার স্তরের বর্ণনা |
|---|---|
| **এন্টারিং** (Beginning, প্রাথমিক ) | এন্টারিং স্তরে একজন শিক্ষার্থী তার শিক্ষাগত ভাষার দক্ষতা বৃদ্ধির জন্য সাহায্যকারী উপাদান এবং কাঠামোর (সাপোর্টিস এ্যান্ড স্ট্রাকচার্স) উপর অত্যন্ত বেশী করে নির্ভরশীল। সেই সঙ্গে বিভিন্ন শিক্ষাগত ক্ষেত্রে (পরিবেশে) ইংরেজি ভাষায় দক্ষতা প্রদর্শনের জন্য ভাষাগত চাহিদাও সে এখনও পূরণ করতে পারছে না। |
| **ইমার্জিং** (Low Intermediate, নিম্ন মাধ্যমিক) | ইমার্জিং স্তরে একজন শিক্ষার্থী তার শিক্ষাগত ভাষার দক্ষতা বৃদ্ধির জন্য সাহায্যকারী উপাদান এবং কাঠামোর (সাপোর্টিস এ্যান্ড স্ট্রাকচার্স) উপর কিছুটা নির্ভরশীল। সেই সঙ্গে বিভিন্ন শিক্ষাগত ক্ষেত্রে (পরিবেশে) ইংরেজি ভাষায় দক্ষতা প্রদর্শনের জন্য ভাষাগত চাহিদাও এখনও সে পূরণ করতে পারছে না। |
| **ট্রান্‌জিশনিং** (Intermediate, মাধ্যমিক) | ট্রান্‌জিশনিং স্তরে একজন শিক্ষার্থী কিছুটা আত্মনির্ভরশীলতার সঙ্গে তার শিক্ষাগত ভাষার দক্ষতা বৃদ্ধি করতে সক্ষম হচ্ছে। কিন্তু এখনও সে বিভিন্ন শিক্ষাগত ক্ষেত্রে (পরিবেশে) ইংরেজি ভাষায় দক্ষতা প্রদর্শনের জন্য ভাষাগত চাহিদা পূরণ করতে পারছে না। |
| **এক্সপ্যান্ডিং** (Advanced, উচ্চতর) | এক্সপ্যান্ডিং স্তরে একজন শিক্ষার্থী অত্যন্ত আত্মনির্ভরশীলতার সঙ্গে তার শিক্ষাগত ভাষার দক্ষতা বৃদ্ধি করতে সক্ষম হচ্ছে এবং বিভিন্ন শিক্ষাগত ক্ষেত্রে (পরিবেশে) ইংরেজি ভাষায় দক্ষতা প্রদর্শনের জন্য ভাষাগত চাহিদা পূরণের দিকে এগিয়ে যাচ্ছে। |
| **কম্যান্ডিং** (Proficient, দক্ষ) | কম্যান্ডিং স্তরে একজন শিক্ষার্থী বিভিন্ন শিক্ষাগত ক্ষেত্রে (পরিবেশে) ইংরেজি ভাষায় দক্ষতা প্রদর্শনের জন্য ভাষাগত চাহিদা পূরণ করতে সক্ষম হয়েছে। সে ই এল এল নয়। |

# ই এল এল এস / এম এল এল এস সংক্রান্ত পুনঃ জিজ্ঞাসিত প্রশ্নাবলী (ক্রমশঃ)

## লক্ষণীয় কর্মসূচি

### ইংরেজি ভাষার শিক্ষার্থীদের জন্য কি কি কর্মসূচি উপলব্ধ আছে?

বর্তমানে নিউ ইয়র্ক স্টেট, জেলার সরকারী স্কুলগুলিতে দুটি অনুমোদিত কর্মসূচি মডেল প্রদান করে থাকে :

১। দ্বিভাষিক শিক্ষা

- পরিবর্তনশীল দ্বিভাষিক শিক্ষা কর্মসূচি (ট্রান্‌জিশনাল বাইলিঙ্গুয়াল এডুকেশন, টি বি ই)
- এক বা দ্বিমুখী দ্বি-ভাষা কর্মসূচি (ওয়ান অর টু ওয়ে ডুয়াল ল্যাঙ্গুয়েজ, ও ডাব্‌লিউ ডি এল/টি ডাব্‌লিউ ডি এল)
- ২।নতুন ভাষা হিসেবে ইংরেজি কর্মসূচি (ই এন এল) যার প্রাক্তন নাম ইংলিশ এ্যাজ আ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ বা ই এস এল

কর্মসূচির দুটি মডেল-ই ই এল এল-দের শিক্ষাগত প্রাপ্তিকে সহায়তা প্রদান করে কিন্তু দুটি মডেলের বাড়ীর বা প্রাথমিক ভাষায় এবং ইংরেজিতে শিক্ষণের সময় আলাদা। শিক্ষার্থীর পরিবার তাদের সন্তানের অংশগ্রহণের জন্য পরিবর্তনশীল দ্বিভাষিক শিক্ষা, এক বা দ্বিমুখী দ্বি-ভাষা বা নতুন ভাষা হিসেবে ইংরেজি কর্মসূচি নির্বাচন করতে পারেন। আপনার স্থানীয় স্কুলে যদি এই কর্মসূচিগুলি উপলব্ধ না হয়, তাহলে যে স্কুল আপনার পছন্দমত কর্মসুচি প্রদান করে সেখানে আপনি আপনার সন্তানকে বদলি করে নিয়ে যাওয়ার আবেদন করতে পারেন। এটি নির্দেশিত আছে যে, ই এন এল মডেলের শিক্ষার্থীরা যতটা পরিমানের কোন নির্দিষ্ট পরিচ্ছেদের ই এন এল শিক্ষণ পাবে, পরিবর্তনশীল দ্বিভাষিক শিক্ষা অথবা এক বা দ্বিমুখী দ্বি-ভাষা কর্মসূচিতে অংশগ্রহণকারী ই এল এল-রাও ওই একই পরিমানের নির্দিষ্ট পরিচ্ছেদের ই এন এল শিক্ষণ পাবে। ন্যূনতম ক্ষেত্রে নির্দেশানুযায়ী ই এল এল-রা ই এন এল শিক্ষণ পাবে। বিশদে জানতে http://www.p12.nysed.gov/biling/docs/Nowithdrawaloptionmemo.pdf দেখুন।

### দ্বিভাষিক শিক্ষা (Bilingual Education, বাইলিঙ্গুয়াল এডুকেশন )

**পরিবর্তনশীল দ্বিভাষিক শিক্ষা (Transitional Bilingual Education, ট্রান্‌জিশনাল বাইলিঙ্গুয়াল এডুকেশন-টি বি ই)**

ট্রান্‌জিশনাল বাইলিঙ্গুয়াল এডুকেশন কর্মসূচিতে এক-ই বাড়ীর ভাষা/প্রাথমিক ভাষা ব্যবহারকারী শিক্ষার্থীরা তাদের বাড়ীর ভাষা/প্রাথমিক ভাষায় পড়াশুনা করার পাশাপাশি ইংরেজি ভাষা বলতে, বুঝতে, পড়তে এবং লিখতে শেখার সুযোগ পাবে। ইংরেজি শেখাকালীন শিক্ষার্থী যাতে পড়াশুনা সংক্রান্ত সমস্ত বিষয়বস্তু ভালভাবে আয়ত্ত করতে পারে তাই সেগুলি তার বাড়ীর ভাষা/প্রাথমিক ভাষায় পড়ানো হয়ে থাকে। টি বি ই কর্মসূচির উদ্দেশ্য হল, ইংরেজি ভাষায় দক্ষতা অর্জনের পর যাতে কোন আলাদা সহায়তা ছাড়াই শিক্ষার্থীর একটি একক-ভাষী ইংরেজি শিক্ষাকক্ষের পরিবেশে উত্তরণ ঘটে, তার সুযোগ করে দেওয়া। যদিও সময়ের সঙ্গে সঙ্গে শিক্ষার্থীরা ইংরেজিতে আরো বেশী সময় ধরে শিক্ষণ পাবে, কিন্তু টি বি ই কর্মসূচিতে সর্বদাই বাড়ীর ভাষা/প্রাথমিক ভাষায় শিক্ষণ ও সহায়তা (ইনস্ট্রাকশন এ্যান্ড সাপোর্টস) থাকবে, যাতে শিক্ষার্থীরা দ্বিভাষিক হিসেবে অগ্রসর হওয়ার সুযোগ পায়।

**এক বা দ্বিমুখী দ্বি-ভাষা কর্মসূচি (One or Two-Way Dual Language Programs, ওয়ান অর টু ওয়ে ডুয়াল ল্যাঙ্গুয়েজ প্রোগ্রামস)**

এই কর্মসূচিগুলি তৈরি করার উদ্দেশ্য হল যাতে স্বদেশীয় এবং বিদেশীয় ইংরেজি ভাষীরা দ্বৈভাষিকতা (বাইলিঙ্গুয়ালিসম, দুটি ভাষায় অনর্গল কথা বলার ক্ষমতা), দ্বি-সাক্ষরতা (বাই-লিটারেসি, দুটি ভাষায় পড়তে ও লিখতে পারার ক্ষমতা), অপর পক্ষের সংস্কৃতিতে দক্ষতা (ক্রস কালচারাল কমপিটেন্স) এবং ই এল এল নয় এমন শিক্ষার্থীদের সমতুল্য শিক্ষাগত দক্ষতা অর্জনে সহায়তা লাভ করতে পারে।

একমুখী দ্বি-ভাষা কর্মসূচি (ওয়ান-ওয়ে ডুয়াল ল্যাঙ্গুয়েজ প্রোগ্রাম) এমন শিক্ষার্থীদের দ্বারা গঠিত যাদের বাড়ীর ভাষা/প্রাথমিক ভাষা এবং/বা বাড়ীর পরিবেশ অনুরূপ। শিক্ষক ইংরেজি এবং বাড়ীর/লক্ষ্য ভাষায় (টার্গেট ল্যাঙ্গুয়েজ) শিক্ষাদান করে থাকেন।

দ্বিমুখী দ্বি-ভাষা কর্মসূচি (টু-ওয়ে ডুয়াল ল্যাঙ্গুয়েজ প্রোগ্রাম) স্বদেশীয় ইংরেজি ভাষী এবং ই এল এল-দের নিয়ে গঠিত। শিক্ষক/শিক্ষকগণ ইংরেজি এবং বাড়ীর/প্রাথমিক ভাষায় শিক্ষাদান করে থাকেন। অধিকাংশ দ্বি-ভাষা কর্মসূচিতে শিক্ষার্থীরা অর্ধেক বিষয়বস্তু তাদের বাড়ীর/প্রাথমিক ভাষায় অধ্যয়ন করে আর বাকিটা পড়ে লক্ষ্য ভাষায়। মডেল অনুযায়ী ইংরেজি এবং বাড়ীর/লক্ষ্য ভাষায় শিক্ষণের শতকরা পরিমানের তারতম্য ঘটে। যথা, একটা ৯০%-১০% মডেলে শতকরা বেশী ভাগ শিক্ষণ-ই ইংরেজি-ভিন্ন অন্য লক্ষ্য ভাষায় হয়ে থাকে এবং তার পরিমান ৫০%-৫০% -এ না পৌঁছানো পর্যন্ত ক্রমশঃ-ই বাড়তে থাকে। এই কর্মসূচিগুলির লক্ষ্য হল, শিক্ষার্থীরা যাতে ইংরেজি এবং বাড়ীর/লক্ষ্য ভাষায় সাক্ষরতা এবং দক্ষতা লাভ করতে পারে সে দিকে নজর রাখা।

** যে দ্বিতীয় ভাষাটি অর্জন করা হচ্ছে/শেখা হচ্ছে সেটাই হল লক্ষ্য ভাষা।*

# ইংরেজি ভাষার শিক্ষার্থীদের (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লারনার্স, ই এল এল এস) সংক্রান্ত পুনঃ জিজ্ঞাসিত প্রশ্নাবলী (ক্রমশঃ)

### অত ঘন ঘন বাড়ীর ভাষা ব্যবহার করলে আমার সন্তান কি ইংরেজি শিখবে?

একটা খুব সাধারণ উদ্বেগ কাজ করে যে, দুটি ভাষা শেখাকালীন শিক্ষার্থীরা বিভ্রান্ত হয়ে পড়বে। কিন্তু ৩০ বছরের উপর পরীক্ষায় এটা বার বার দেখানো হয়েছে যে কোন ভাষাগত বিভ্রান্তি সৃষ্টি হয় না। বাস্তবিকক্ষেত্রে, শিক্ষার্থীর বাড়ীর/প্রাথমিক ভাষা ব্যবহার করে ইংরেজির বিকাশ ঘটানো-ই সব থেকে কার্যকরি পন্থা। এ ছাড়াও, দ্বিভাষিক শিক্ষার্থীরা ক্রমশঃ একটি নমনীয় মস্তিষ্ক (ফ্লেক্সিবেল ব্রেন) এবং অনেক ধরনের বৌধিক কৌশলের (রেঞ্জ অফ কগ্‌নিটিভ স্কিলস) অধিকারী হয়ে ওঠে যেগুলি তাদের অত্যন্ত দক্ষতার সাথে কোন কিছু শিখতে সাহায্য করে। এক বা দ্বিমুখী দ্বি-ভাষা কর্মসূচিতে (ওয়ান অর টু-ওয়ে ডুয়াল ল্যাঙ্গুয়েজ প্রোগ্রামস) দুটি পৃথক ভাষায় শিক্ষাকার্য চলে, যার অর্থ হল, কোন একটি নির্দিষ্ট ভাষার জন্য শিক্ষার্থীদের নিশ্চিত সময় বা দিন ধার্য থাকতে পারছে। যখন মাতা-পিতারা এই সব কর্মসূচিগুলি পরিদর্শনে আসেন, তখন তাঁরা দেখেন যে এই পরিবেশ বিভ্রান্তিকর তো নয়-ই, বরং তা আদতে শিক্ষার্থীর দ্বৈভাষিকতার বিকাশ ঘটাতে সহায়ক ভূমিকা পালন করছে। বিভিন্ন পরীক্ষার মাধ্যমে প্রদর্শিত হয়েছে যে, শিক্ষার্থীর দশ বছর পূর্ণ হওয়ার মধ্যেই শিক্ষাক্ষেত্রে সে একক-ভাষী ইংরেজি বক্তাদের সঙ্গে সমান তালে বা তাদের থেকে আরো ভালভাবে অংশগ্রহণ করতে পারে।

### একটি দ্বি-ভাষী কর্মসুচিতে কি ধরনের পাঠ এবং অনুশীলনী থাকতে পারে?

যদিও শিক্ষাকার্যের কিছুটা অংশ ইংরেজিতে এবং কিছুটা শিক্ষার্থীদের বাড়ীর/প্রাথমিক ভাষায় হয়ে থাকে, কিন্তু তাদের পাঠ্যক্রম (কারিকুলাম) অ-দ্বিভাষিক শ্রেণীকক্ষের অনুরূপ। কর্মসূচির মডেল অনুযায়ী শিক্ষার্থীদের উভয় ভাষাতেই গণিত, বিজ্ঞান, ভাষা, এবং সমাজ বিদ্যা (সোশ্যাল স্টাডিজ)-য় সাক্ষরতা এবং বিষয় জ্ঞানের বিকাশ ঘটে। একজন দ্বিভাষিক (বাইলিঙ্গুয়াল) এবং দ্বি-সাক্ষর (বাইলিটারেট) শিক্ষার্থী ইংরেজি এবং তার বাড়ীর/প্রাথমিক ভাষায় শুনতে, বলতে, পড়তে এবং লিখতে সক্ষম। একটি ভাষার দক্ষতা অন্য ভাষায় স্থানান্তরিত হয়। যখন একজন শিক্ষার্থীর নিজের বাড়ীর/প্রাথমিক ভাষায় সাক্ষরতা দৃঢ় হয়, তখন সেই দক্ষতাগুলি দ্বিতীয় ভাষায় (সেকেন্ড ল্যাঙ্গুয়েজ) স্থানান্তরিত হয়।

### নতুন ভাষা হিসেবে ইংরেজি কর্মসূচি (ইংলিশ এ্যাজ আ নিউ ল্যাঙ্গুয়েজ, ই এন এল, প্রোগ্রামস)

এই কর্মসুচিগুলি, যাদের প্রাক্তন নাম দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজি (ইংলিশ এ্যাজ আ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ, ই এস এল)- তে পঠন-পাঠন প্রধানত ইংরেজি ভাষার জ্ঞান অর্জনের দিকে গুরুত্ব দেয়। ই এন এল কর্মসূচিতে ভাষা এবং বিষয়বস্তুর শিক্ষণ নির্দিষ্ট ই এন এল শিক্ষণ পদ্ধতি ব্যবহার করে ইংরেজি ভাষায় করা হয়ে থাকে। বাস্তবিকক্ষেত্রে কিছু বিষয়বস্তুর ক্লাস সংযুক্ত ই এন এল (ইন্টিগ্রেটেড ই এন এল) ক্লাস। শিক্ষার্থীরা মূল বিষয়বস্তুর এবং ইংরেজি ভাষার বিকাশ সংক্রান্ত শিক্ষন লাভ করে; এগুলি যাতে তাদের বুঝতে সুবিধে হয় তার জন্য বাড়ীর/প্রাথমিক ভাষার উপর নির্ভর করা হয় এবং ই এন এল শিক্ষণ-বিষয়ক যথাযত সহায়তা অবলম্বন করা হয়। সংযুক্ত ই এন এল ক্লাসগুলি একজন বিষয়বস্তু এবং ই এন এল-এ দ্বি-প্রত্যায়িত (ডুয়ালি সার্টিফায়েড) শিক্ষক বা বিষয়বস্তু এবং ই এন এল-এ পৃথকভাবে প্রত্যায়িত দুজন আলাদা শিক্ষক পরিচালনা করে থাকেন। একটি কেবলমাত্র ই এল এল ক্লাসে (স্ট্যান্ড এ্যালোন ই এন এল ক্লাস) শিক্ষার্থীরা একজন এন-ওয়াই-এস-প্রত্যায়িত অন্য ভাষাগুলির বক্তাদেরকে ইংরেজি (ইংলিশ টু স্পিকার্স অফ আদার ল্যাঙ্গুয়েজেস, ই এস ও এল) শিক্ষকের কাছ থেকে ইংরেজি ভাষা বিকাশ সংক্রান্ত শিক্ষণ গ্রহণ করে যাতে করে তারা মূল বিষয়বস্তু পাঠে সাফল্য অর্জনের জন্য যে ইংরেজি প্রয়োজন তার জ্ঞান লাভ করতে পারে। যে সমস্ত ই এল এল শিক্ষার্থী বহুবিধ বাড়ীর/প্রাথমিক ভাষার প্রেক্ষাপট থেকে আসে এবং যাদের একমাত্র সাধারণ ভাষা ইংরেজি হওয়ার দরুন কোন দ্বিভাষিক কর্মসূচিতে অংশগ্রহণ করতে পারে না, এই কর্মসূচি স্বভাবতই তাদের জন্য কার্যকরী।

### এই সমস্ত কর্মসূচিগুলির মধ্যে পার্থক্য কোথায়?

দ্বি-ভাষা কর্মসূচিগুলি (ডুয়াল ল্যাঙ্গুয়েজ প্রোগ্রামস)দুটি ভাষাতেই শিক্ষাদান করে থাকে এবং দ্বি-সাক্ষরতা (বাইলিটারেসি) ও দ্বৈভাষিকতা (বাইলিঙ্গুয়ালিসম) বিকাশের দিকে লক্ষ্য রাখে। পরিবর্তনশীল দ্বিভাষিক শিক্ষার (ট্রান্‌জিশনাল বাইলিঙ্গুয়াল এড়ুকেশন) প্রাথমিক উদ্দেশ্যগুলি হল শিক্ষার্থী যাতে গ্রেড-উপযোগী শিক্ষাগত দক্ষতা এবং জ্ঞানে পারদর্শী হয়ে ওঠে সেটা নিশ্চিত করা এবং বাড়ীর/প্রাথমিক ভাষা ব্যবহার করে ইংরেজি শেখার পথ সুগম করা। ই এন এল শ্রেণীকক্ষে এবং মডেলগুলিতে মূলত ইংরেজিতে শিক্ষণ কার্য সম্পাদিত হলেও এতে বাড়ীর/প্রাথমিক ভাষার সাহায্যও প্রদান করা হয়। অনুগ্রহ করে পরবর্তী পৃষ্ঠায় চার্টটি দেখুন, যেখানে বিভিন্ন কর্মসুচিগুলির মডেলগুলির মধ্যে তুলনা করা হয়েছে।

# ইংরেজি ভাষার শিক্ষার্থীদের (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লারনার্স, ই এল এল এস) সংক্রান্ত পুনঃ জিজ্ঞাসিত প্রশ্নাবলী (ক্রমশঃ)

| | দ্বি-ভাষা কর্মসূচি (ডুয়াল ল্যাঙ্গুয়েজ প্রোগ্রামস) |
|---|---|
| **ব্যবহৃত ভাষা** | সাধারণত ৫০% ইংরেজি এবং ৫০% বাড়ীর বা লক্ষ্য ভাষা বা ৯০% বাড়ীর বা লক্ষ্য ভাষা এবং ১০% ইংরেজি, যেটা ক্রমশঃ বাড়তে থাকে যতক্ষণ না তা ৫০%-৫০% -এ পৌঁছায়। (কর্মসূচির মডেল অনুযায়ী শতকরা পরিমানের তারতম্য ঘটে।) |
| **লক্ষ্য** | ইংরেজি এবং বাড়ীর/লক্ষ্য ভাষায় দ্বি-সাক্ষরতা (বাইলিটারিস্‌ম) এবং দ্বৈভাষিকতা (বাইলিঙ্গুয়ালিসম) |

| | পরিবর্তনশীল দ্বিভাষিক শিক্ষা (ট্রান্‌জিশনাল বাইলিঙ্গুয়াল এডুকেশন ) কর্মসূচি |
|---|---|
| **ব্যবহৃত ভাষা** | ইংরেজি ভাষার ব্যবহার বাড়ার সঙ্গে সঙ্গে বাড়ীর/প্রাথমিক ভাষার ব্যবহার কমে। |
| **লক্ষ্য** | ইংরেজি ভাষা শেখার সঙ্গে সঙ্গে বিষয়বস্তু শেখার জন্য বাড়ীর/প্রাথমিক ভাষার ব্যবহার |

| | নতুন ভাষা হিসেবে ইংরেজি (ইংলিশ এ্যাজ আ নিউ ল্যাঙ্গুয়েজ) কর্মসূচি |
|---|---|
| **ব্যবহৃত ভাষা** | প্রধানত ইংরেজি (ইংরেজি শেখার জন্য বাড়ীর/প্রাথমিক ভাষায় সহায়তা প্রদান করা হয়।) |
| **লক্ষ্য** | ই এল এল দের ইংরেজিতে দক্ষতা অর্জনের লক্ষ্যে এগিয়ে যাওয়ার দিকে সহায়তা প্রদান করা। |

## আমার সন্তানের জন্য কর্মসূচিগুলি সম্বন্ধে আরো বিশদে জানব কেমন করে?

নিউ ইয়র্ক স্টেটের স্কুলগুলিতে নতুন ভর্তি হওয়া ই এল এল-দের পরিবার-দের জন্য ওরিয়েন্টেশন আয়োজন করা আবশ্যক যাতে শিক্ষার্থী-দের মাতা-পিতা/অভিভাবকেরা তাদের স্কুল বা জেলায় বিভিন্ন ই এল এল কর্মসূচি সম্বন্ধে জানতে পারে। ওরিয়েন্টেশনে আপনি পাঠ্যক্রম এবং মান (কারিকুলাম এ্যান্ড স্ট্যান্ডার্ডস) সংক্রান্ত তথ্য এবং সামগ্রী ছাড়াও ই এল এল কর্মসূচি সম্বন্ধে আপনার বাড়ীর/প্রাথমিক ভাষায় নানা সামগ্রী পাবেন। সর্বোপরি, আপনার যদি ই এল এল পরিষেবা সংক্রান্ত কোন প্রশ্ন থাকে, তাহলে প্রয়োজনমত আপনি একজন দো-ভাষীর সাহায্য নিয়ে সেগুলি পেশ করতে পারবেন। ওরিয়েন্টেশনের শেষে আপনাকে একটা ফর্ম ভরতে দেওয়া হবে যাতে আপনি প্রতিপন্ন করবেন যে আপনার সন্তানের বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার জন্য আপনার কাছে যাবতীয় তথ্য মজুদ আছে। এছাড়াও আপনাকে একটা ই এল এল শিক্ষার্থী অন্তর্ভুক্তি (ই এল এল স্টুডেন্ট প্লেসমেন্ট) ফর্ম দেওয়া হবে যেটা আপনার সন্তান কি পরিষেবা গ্রহণ করবে, সে বিষয়ে আপনাকে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে সাহায্য করবে। এই তথ্যগুলি আপনার বাড়ীর/প্রাথমিক ভাষায় উপলব্ধ করা হবে।

## আমার সন্তান কখন ই এল এল কর্মসূচি অতিক্রমণ করতে পারবে?

চার রকম উপায়ে ই এল এল-রা ই এল এল অবস্থা অতিক্রমণ করতে পারে :

| | |
|---|---|
| **গ্রেড কে-১২** | এন ওয়াই এস ই এস এল এ টি-তে দক্ষ (কম্যান্ডিং/প্রফিশিয়েন্ট) স্তরে নম্বর পাওয়া |
| **গ্রেড ৩-৮** | একই বছরে এন ওয়াই এস ই এস এল এ টি-তে সম্প্রসারণীয়/উচ্চতর (এক্সপ্যান্ডিং/এ্যাডভান্সড) স্তরে নম্বর পাওয়া এবং এন ওয়াই এস ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস (ই এল এ) এর মূল্যায়নে ৩ বা তার বেশী নম্বর পাওয়া। |
| **গ্রেড ৯-১২** | একই বছরে এন ওয়াই এস ই এস এল এ টি-তে সম্প্রসারণীয়/উচ্চতর (এক্সপ্যান্ডিং/এ্যাডভান্সড) স্তরে নম্বর পাওয়া এবং রিজেন্টস এক্স্যাম ইন ইংলিশ-এ ৬৫ বা তার বেশী নম্বর পাওয়া। |
| **প্রতিবন্ধী ই এল এল** | এক বিকল্প মূল্যায়নের পন্থা প্রয়োগ করে ভাষাগত দক্ষতা নির্ধারণ করা হবে (অনুমোদনের অপেক্ষায়)। |

একবার কেউ ই এল এল অবস্থা থেকে বেরিয়ে গেলে, সে একজন প্রাক্তন ই এল এল-এ পরিণত হয়। প্রাক্তন ই এল এল-দের দু বছরের প্রাক্তন ই এল এল সহায়ককারী পরিষেবা (ফর্মার ই এল এল সাপোর্ট সারভিসেস) পাওয়ার জন্য নির্দিষ্ট করা হয়।

# ইংরেজি ভাষার শিক্ষার্থী (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লারনার্স, ই এল এল এস) এবং বহুভাষী শিক্ষার্থী-দের (মাল্টিল্যাঙ্গুয়েজ লারনার্স, এম এল এল এস) সংক্রান্ত ভ্রান্তধারণা

## ভ্রান্তধারণা ১: অধিকাংশ ই এল এল যুক্তরাষ্ট্রের (ইউ এস) বাইরে জন্মগ্রহণ করেছে।

নিউ ইয়র্ক স্টেটে ৫ থেকে ১৮ বছরের মধ্যে ২১৫,০০০ জন ইংরেজি ভাষার শিক্ষার্থী আছে যারা স্কুল যায়। ২০১৩-২০১৪-র এন ওয়াই এস তথ্য-সংরক্ষণকারী-ব্যবস্থা (ইনফরমেশন রেপসিটারি সিস্টেম, এস আই আর এস) অনুযায়ী তাদের মধ্যে ৬১.৫%-এর জন্ম হয়েছিলো যুক্তরাষ্ট্রে।

## ভ্রান্তধারণা ২: পূর্বে নতুন ভাষা হিসেবে ইংরেজি (ইংলিশ এ্যাজ আ নিউ ল্যাঙ্গুয়েজ, ই এন এল) এবং দ্বিভাষিক (বাইলিঙ্গুয়াল) ক্লাস ছাড়াই অভিবাসীরা (ইমিগ্র্যান্টস) সাফল্য লাভ করেছে।

সময়ের পরিবর্তনের সাথে সাথে, দ্বিভাষিক হওয়ার কদর বাড়ছে। বর্তমানে চাকরির বাজার এখন শিক্ষার্থীদের কাছে আগের থেকে আরো উন্নত মানের শিক্ষাগত যোগ্যতা আশা করে। আমাদের বিশ্বজনীন অর্থনীতিতে যাতে স্নাতক ছাত্ররা প্রতিযোগীতার সম্মুখীন হতে পারে তার জন্য এন ওয়াই এস-এর গৃহিত সাধারণ কেন্দ্রীয় ই এল এ মান (কমন কোর ই এল এ স্ট্যান্ডার্ডস) আরো উচ্চ স্তরের ভাষাগত দক্ষতা দাবী করে। যেহেতু ই এল এল-রা নিজেদের বাড়ীর/প্রাথমিক ভাষার জ্ঞান নিয়ে আসে, শিক্ষকদের তাই ওই পূর্ববর্তী জ্ঞানের উপর ভিত্তি করেই ই এল এল-দের পরবর্তী শিক্ষাগত জ্ঞান এবং দক্ষতার বিকাশ ঘটাতে হবে এবং তাদের কলেজ ও পেশায় যোগদানের জন্য তৈরী করতে হবে।

## ভ্রান্তধারণা ৩: ই এল এল-রা সামাজিক ক্ষেত্রে ইংরেজিতে কথা বলতে পারলেই, শিক্ষাগত ক্ষেত্রে সাফল্য লাভ করতে সক্ষম।

যদিও একজন ই এল এল তিন বছরের মধ্যে সামাজিক স্তরে ইংরেজিতে আদান-প্রদান করতে সক্ষম, কিন্তু এই ভাষায় শিক্ষাগত দক্ষতা অর্জনের জন্য তার প্রায় সাত বছর পর্যন্ত সময় লেগে যেতে পারে। শিক্ষার্থীরা শিক্ষাগত ক্ষেত্রে ইংরেজিতে কি রকম ফল করবে সেটা তার বাড়ীর/প্রাথমিক ভাষায় জ্ঞানের পরিমান ও সাক্ষরতা দ্বারা নির্ধারিত হয়।

## ভ্রান্তধারণা ৪: শিক্ষার্থীর কোন দক্ষতা পরীক্ষা, যথা এন ওয়াই এস ইংরেজি ভাষার শিক্ষার্থী শনাক্তকরণ পরীক্ষা (এন ওয়াই এস আইডেন্টিফিকেশন টেস্ট ফর ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নারস, এন ওয়াই এস আই টি ই এল এল) বা এন ওয়াই এস দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজি যোগ্যতা পরীক্ষা (এন ওয়াই এস ইংলিশ এ্যাজ আ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ অ্যাচিভমেন্ট টেস্ট, এন ওয়াই এস ই এস এল এ টি) পাশ করার অর্থ হল সে স্কুলে ভাল ফল করার জন্য ইংরেজিতে যথেষ্ট দক্ষ।

ইংরেজিতে দক্ষ হয়েও শিক্ষার্থীদের শ্রেণীকক্ষে সহায়তা, সহযোগিতা এবং/বা শিক্ষণ সহায়তার প্রয়োজন হতে পারে। কমিশনারের বিধি অংশ ১৫৪ (কমিশনার্স রেগুলেশন্স, পার্ট ১৫৪) অনুযায়ী, শিক্ষার্থী ই এল এল-অবস্থা অতিক্রান্ত করার পরবর্তী দুই বছর স্কুলের জেলাগুলি শিক্ষার্থীদের প্রাক্তন ই এল এল পরিষেবা (ফর্মার ই এল এল সার্ভিসেস) প্রদান করতে বাধ্য। উপরন্তু, আর ই এল এল না থাকলেও তারা ওই দুই বছর যাবদ ই এল এল পরীক্ষা সহায়তা (ই এল এল টেস্ট এ্যাকোমোডেশনস) পেতে থাকবে।

## ভ্রান্তধারণা ৫: স্কুলে সাফল্য অর্জনের জন্য, ই এল এল-দের যতটা সম্ভব তাড়াতাড়ি সাংস্কৃতিক আত্মীকরণ (কালচারাল এ্যাসিমিলেশন) হওয়া আবশ্যক।

“লাভের জন্য বিসর্জন” দেওয়ার পরিবর্তে ই এল এল-দের শ্রেণীকক্ষের ঘটনাগুলির সঙ্গে তাদের নিজেদের সাংস্কৃতিক অভিজ্ঞতার সংযোগ ঘটাতে হবে যাতে তারা একটি নতুন সংস্কৃতি শেখার পাশাপাশি ব্যক্তিগত অস্তিত্ব বজায় রাখতে পারে। আর শিক্ষকরা অবশ্যই শিক্ষার্থীদের পূর্বজ্ঞান কে ভিত্তি করে পড়ানোর পদ্ধতি অবলম্বন করবেন। শ্রেণীকক্ষের বিবিধ সাংস্কৃতিক অভিজ্ঞতাকে মান্যতা দিলে সমগ্র শিক্ষার্থীর শিক্ষার মান উন্নীত হয়।

## ভ্রান্তধারণা ৬: যদি শিশুরা বাড়ীতে ইংরেজি এবং প্রাথমিক ভাষা এই দুটির সঙ্গে পরিচিতি লাভ করে তাহলে তা ভাষাগত ব্যাধি এবং বিলম্ব সৃষ্টি করে।

না, এটা ভাষাগত ব্যাধি এবং বিলম্ব সৃষ্টি করে না। মাতা-পিতা যে ভাষায় সর্বাধিক সাবলীল সেই ভাষায় তাদের শিশুদের সাথে কথা বলা খুব জরুরী। মানুষের মস্তিষ্কের একাধিক ভাষা একসাথে শেখার এক ব্যাপক ক্ষমতা আছে। খুব ছোট বয়সে দুটি ভাষা শেখা আদতে বৌধিক ক্ষমতাকেই মজবুত করে। দ্বৈভাষিকতা আমাদের বিশ্বজনীন অর্থনীতিতে শিক্ষাগত এবং আর্থিক প্রাধান্য বৃদ্ধি করে।

## ভ্রান্তধারণা ৭: স্কুলে বাড়ীর/প্রাথমিক ভাষা ব্যবহারে শিক্ষার্থীদের নিরুৎসাহিত করা উচিত।

যে সমস্ত স্কুল শিক্ষার্থীদের বাড়ীর/প্রাথমিক ভাষা ব্যবহারে উৎসাহিত করে, সেখানে শ্রেণীকক্ষের কার্যাবলীতে ছাত্রদের অংশগ্রহণ বেশী হয় এবং তাদের শিক্ষাও ফলপ্রসূ হয়ে থাকে। এই প্রথাটি শিক্ষার্থীর আত্মপ্রত্যয় বৃদ্ধিতেও প্রভাব বিস্তার করে।

## ভ্রান্তধারণা ৮: ইংরেজি ভাষায় সম্পূর্ণরূপে নিমজ্জীকরণ দ্রুত ইংরেজি ভাষা শেখার পক্ষে সহায়ক।

শিক্ষার্থীর বাড়ীর/প্রাথমিক ভাষায় শিক্ষাদান ইংরেজি শেখার পক্ষে সহায়ক। ইংরেজি ভাষায় সাফল্য লাভের জন্য শিশুদের প্রাথমিক ভাষার ভিত্তি মজবুত ও সাবলীল হওয়া আবশ্যক। দ্বি-ভাষা কর্মসূচিগুলি এমন একটি কার্যকরী শিক্ষণ পদ্ধতি প্রদান করে যেটা শিশুর বাড়ীর/প্রাথমিক ভাষাকে বজায় রেখে ভাষা শিক্ষা এবং বিষয়গত জ্ঞান অর্জনকে সহায়তা প্রদান করে।

## ভ্রান্তধারণা ৯: ই এল এল-দের শুরু থেকেই ইংরেজি পড়তে শেখানো উচিত।

বিভিন্ন গবেষণায় দেখা গেছে যে পড়ার কৌশল এক ভাষা থেকে অন্য ভাষায় স্থানান্তরিত হয়। যে সমস্ত শিক্ষার্থী তাদের বাড়ীর/প্রাথমিক ভাষায় আগে পড়তে শেখে তারা ইংরেজি ভাষায় দক্ষ পড়ুয়া হয়ে থাকে।

*ডিবাঙ্কিং দ্যা মিথ্স অফ ইংলিশ ল্যাঙ্গুয়েজ লারনার্স,* নিউ ইয়র্ক স্টেট ইউনাইটেড টিচার্স রিসার্চ এ্যান্ড এডুকেশনাল সার্ভিসেস, ২০১৫ থেকে অভিযোজিত।



# আপনি কি জানতেন?
# দ্বৈভাষিকতা (বাইলিঙ্গুয়ালিসম) এবং দ্বিভাষিক শিক্ষা (বাইলিঙ্গুয়াল এডুকেশন) সংক্রান্ত তথ্যাবলী

নিম্নে, দ্বৈভাষিকতা (বাইলিঙ্গুয়ালিসম) এবং দ্বিভাষিক শিক্ষা (বাইলিঙ্গুয়াল এডুকেশন)সম্পর্কিত কতগুলি গুরুত্বপূর্ণ গবেষণা-ভিত্তিক তথ্য দেওয়া হল। দ্বৈভাষিকতার বহু বৌধিক, সামাজিক এবং পেশাগত সুফল রয়েছে :

- একাধিক গবেষণাতে দেখা গেছে যে দ্বৈভাষিকতা মস্তিষ্কের নানা জায়গা, যা কিনা পরিকল্পনা, সমস্যা-সমাধান, এবং এক শ্রেণীর অত্যন্ত দুরূহ মানসিক কাজ সম্পাদন করে, তার কার্যক্ষমতা বৃদ্ধি করে।
- দ্বিভাষিক শিক্ষার্থীরা খুব ভালভাবে পরিবেশকে বুঝে তাতে মনোনিবেশ করতে পারার ক্ষমতা প্রদর্শন করে।
- দ্বিভাষিক শিক্ষা একাধিক ধারার সাংস্কৃতিক প্রথাকে বিবেচনা করে এবং শিক্ষার্থীদের সামাজিক বিকাশকে লালিত করে।
- দ্বিভাষিক শিক্ষা কর্মসুচিগুলিতে অংশগ্রহণকারী শিক্ষার্থীরা নিজেদের ব্যাক্তিত্ব সম্পর্কে অত্যন্ত দৃঢ় মনোভাব পোষণ করে এবং নিজেদের ভাষার ব্যাপারেও যথেষ্ঠ সংবেদনশীল হয়; সুতরাং তাদের সংস্কৃতি প্রতিনিধিত্ব এবং সম্মান পেয়ে থাকে।
- দ্বৈভাষিকতা একটি পেশাগত সম্পদ। একটি ক্রমাগত বিশ্বজনীন সমাজে একাধিক ভাষায় বলতে এবং লিখতে পারার ক্ষমতা চাকরির বাজারে অত্যন্ত মূল্যবান।
- আপনার শিশুকে আপনার বাড়ীর/প্রাথমিক ভাষায় পড়ে শোনানো শিক্ষাদানের একটি উত্তম ও কার্যকরী প্রথা যেটা তার শিক্ষাগত বিকাশের উপর উল্লেখযোগ্য সু-প্রভাব বিস্তার করে থাকে।

আমেরিকান এ্যাকাডেমি অফ পেডিয়াট্রিক্স সম্প্রতি বহুভাষী শিশুদের উপর এক সামাজিক নীতি রিপোর্ট (সোশ্যাল পলিসি রিপোর্ট) অনুমোদন করেছে যাতে চিকিৎসাবিজ্ঞান, মনোবিজ্ঞান, শিক্ষা এবং ভাষাবিজ্ঞান থেকে ব্যাপক প্রমাণ সংগ্রহ করে এক গবেষণা সংকলন রচনা করা হয়েছে। রিপোর্টের উপসংহারে বলা হয়েছে যে, বহুভাষিকত্যকে একটি ক্ষতির কারণ হিসেবে দেখে শিশুকে নিরুৎসাহ করার পরিবর্তে এটাকে প্রকৃত অর্থে একটি সুবিধা হিসেবে গণ্য করে এর প্রতিপালন করা আবশ্যক। বিশদে জানতে: http://pediatrics.aappublications.org/content/133/5/e1481.full দেখুন।

* অন্‌লাইন প্রকাশ এপ্রিল ২৮, ২০১৪। *পেডিয়াট্রিক্স* সংখ্যা১৩৩,নং৫,মে ১, ২০১৪।



# আপনি কি জানতেন? দ্বৈভাষিকতা (বাইলিঙ্গুয়ালিসম) এবং দ্বি-ভাষিক শিক্ষা (বাইলিঙ্গুয়াল এডুকেশন) সংক্রান্ত তথ্যাবলী (ক্রমশঃ)

**ভ্রান্তধারণা ১: আমার শিশু দুটি ভাষা দ্বারা বিভ্রান্ত হয়ে পড়বে।**

- দুটি ভাষা একসাথে শিখলে শিশুরা বিভ্রান্ত হয় না। যে শিশুরা এমন পরিবেশে বেড়ে ওঠে যেখানে উভয় ভাষাকেই প্রাধান্য দেওয়া হয় সে সমস্ত শিশু বৌধিক, সামাজিক এবং আপাত-অর্থনৈতিক সুবিধা ভোগ করে থাকে।
- যে সমস্ত শিশু একের অধিক ভাষার সাথে পরিচিত, তাদের মস্তিষ্কের যে স্থানগুলি ভাষা, স্মৃতি এবং মনঃসংযোগের সঙ্গে সম্পর্কিত, সেখানে কোষের ঘনত্ব বেশী থাকে।
- বহুভাষী শিশুদের কোন কার্য সম্পাদন করার ক্ষমতা (যেটা পরিকল্পনা, মুখস্থশক্তি, নতুন/অভিনব অবস্থার সঙ্গে মানিয়ে নিতে এবং প্রলোভন থেকে নিজেকে দূরে রাখতে সাহায্য করে) বেশী থাকে এবং তাদের প্রাথমিক সাক্ষরতা কৌশলগুলিও অনেক ভাল।

**ভ্রান্তধারণা ২: যে সমস্ত দ্বি-ভাষী শিশু মিশ্র ভাষা ব্যবহার করে তারা ভাষার প্রয়োগে দুর্বল।**

- যে সমস্ত দ্বি-ভাষী শিশু মিশ্র ভাষা ব্যবহার করে তারা ভাষা প্রয়োগে দুর্বল নয়; সহজভাবে বলতে গেলে তারা আসলে তাদের সমস্ত ভাষাগত সম্পদ ব্যবহার করছে। ভাষার বিকাশ একটি সক্রিয় প্রক্রিয়া যেটা উভয় ভাষাকেই স্পর্শ করে। ই এল এল-দের সব থেকে মূল্যবান সম্পদ হল তাদের বাড়ীর/প্রাথমিক ভাষা, এবং যখন তারা ইংরেজি শেখে তখন তাদের সেই সম্পদের ব্যবহার করার সম্ভাবনা প্রবল।

**ভ্রান্তধারণা ৩: ক্রমাগত অন্য ভাষা ব্যবহার করলে আমার সন্তান ইংরেজি শিখবে না।**

- বিভিন্ন গবেষণায় দেখা গেছে যে, দ্বিতীয় ভাষা বিকাশের সব থেকে ভাল উপায় হল প্রাথমিক ভাষা ব্যবহার করা। দ্বি-ভাষিক কর্মসূচিতে শিক্ষার্থীরা অনেক ভাল ফল করে কারণ তারা তখন দ্বি-সাক্ষর (বাইলিটারেট) হয়ে যায় এবং দুটি ভাষাতেই সাফল্য লাভ করার জন্য উন্নত বিষয়-জ্ঞানের অধিকারী শিক্ষক ও শিক্ষাদানকারীদের থেকে প্রয়োজনীয় সহায়তা পেয়ে থাকে।

**ভ্রান্তধারণা ৪: আমার শিশু কেবলমাত্র ইংরেজি ভাষার সাথে পরিচিত হলেই ইংরেজি তাড়াতাড়ি শিখবে।**

- বিভিন্ন গবেষণায় দেখা গেছে যে, যে শিক্ষার্থীদের বাড়ীর/প্রাথমিক ভাষায় শিক্ষাদান করা হয়ে থাকে, তারা তাড়াতাড়ি ইংরেজি শেখে। বাড়ীর/প্রাথমিক ভাষায় লব্ধ জ্ঞান অন্য ভাষায় স্থানান্তরিত হয়। বাস্তবিকক্ষেত্রে, প্রথম ভাষায় পড়তে শিখলে, ইংরেজি ভাষায় আরও দক্ষতার সঙ্গে পড়া সম্ভব হয়! (জাতীয় পঠন প্যানেল : শিশুদের পঠন শিক্ষণ, ২০০৬-এর রিপোর্ট।)

দ্বৈভাষিকতার একাধিক সুবিধা রয়েছে, এবং নিউ ইয়র্ক টাইমসের মতে, “দ্বৈভাষিকতা মানুষকে আরও বুদ্ধিমান করে তোলে”। (দ্বি-ভাষীরা কেন বেশী বুদ্ধিমান, এন ওয়াই টি, ২০১২ )

পৃষ্ঠা ২-৪ তে, নিউ ইয়র্ক স্টেট, ই এল এল-দের জন্য যে সমস্ত কর্মসুচি মডেল প্রদান করে সেগুলির প্রত্যেকটি সম্পর্কে বিশদে জানতে পারবেন।

# আপনার সন্তানের শিক্ষায় অংশগ্রহণ

## মাতা-পিতা/অভিভাবক হিসেবে আমরা কিভাবে আমাদের সন্তানদের সহায়তা প্রদান করতে পারি?

- বাড়ীর/প্রাথমিক ভাষায় এবং/বা ইংরেজিতে আপনার সন্তানকে পড়ে শোনান। গবেষণায় দেখা গেছে যে বাড়ীর/প্রাথমিক ভাষায় নিজের সন্তানকে পড়ে শোনানো তার ইংরেজি ভাষার কৌশল বৃদ্ধিতে সহায়ক।
- আপনার সন্তানকে বাড়ীর/প্রাথমিক ভাষায় গল্প বলুন। তাকে আপনার ছেলেবেলার গল্প বা অতীতের স্মরণীয় ঘটনার কথা বলুন।
- আপনার সন্তানকে বুঝতে দিন যে আপনি নিজে আপনার বাড়ীর/প্রাথমিক ভাষাকে মূল্য দেন। সে ইংরেজিতে উত্তর দিলেও তার সাথে ওই ভাষায় কথা বলুন।
- কোন গ্রন্থাগারের সদস্য হোন, সেখানে সাক্ষাৎ করুন এবং ইংরেজি বা আপনার বাড়ীর/প্রাথমিক ভাষায় বই পাওয়া গেলে তা বাড়ীতে নিয়ে আসুন।
- আপনার স্কুল যখন মাতা/পিতা-শিক্ষক আলোচনাসভা আয়োজন করে তখন তাতে অবশ্যই উপস্থিত থাকুন।
- আপনার সন্তানের শিক্ষকের সাথে আলাদা করে সাক্ষাৎ করুন এবং আপনি সন্তানকে কি ভাবে সাফল্যলাভে সহায়তা করতে পারেন সে বিষয়ে নির্দিষ্ট পন্থাগুলির কথা জেনে নিন।
- আপনার সন্তান যাতে প্রতিদিন একটি নির্দিষ্ট সময়ে তার বাড়ীর কাজ (হোমওয়ার্ক) করে সে বিষয়ে লক্ষ্য রাখুন, এবং সম্ভব হলে তার জন্য এমন একটি পড়ার জায়গার ব্যবস্থা করুন যেটা শান্ত এবং সমস্ত চিত্তচাঞ্চল্যকারী প্রভাব থেকে মুক্ত।
- পরিবারের সমস্ত সদস্যকে নিয়ে যাদুঘরে ঘুরে আসার ব্যবস্থা করুন। যাদুঘরে গাইড থাকে যারা আপনাকে এবং আপনার সন্তানকে কোন প্রদর্শিত বস্তু ভালভাবে বুঝতে সাহায্য করবে। উপরন্তু, অনেক সময় যাদুঘরগুলিতে স্কুলের পর বা সপ্তাহের শেষে সুলভে/নিখরচায় উন্নতিমূলক ক্লাসের আয়োজন করা হয়ে থাকে।
- যুক্তরাষ্ট্রে মাতা-পিতা শিক্ষা ব্যবস্থার এক অপরিহার্য অঙ্গ। আপনার সন্তানের শিক্ষকের থেকে জেনে নিন আপনি কি ভাবে অংশগ্রহণ করতে পারেন।
- আপনার অধিকারগুলি সম্পর্কে সচেতন হোন। অনুগ্রহ করে প্যারেন্টস বিল অফ রাইটস ফর নিউ ইয়র্ক স্টেট্স ইংলিশ ল্যাঙ্গুয়েজ লারনার্স (নিউ ইয়র্ক স্টেটের ইংরেজি ভাষার শিক্ষার্থীর মাতা-পিতাদের জন্য অধিকার বিল) দেখুন।



কলরিন কলোরাডো
ইংরেজি ভাষার শিক্ষার্থীদের পরিবার এবং শিক্ষাদানকারীদের জন্য এই দ্বিভাষিক ওয়েবসাইটটি আমেরিকান ফেডারেশন অফ টিচার্স (এ এফ টি) সঙ্গে অংশীদারিত্বে গঠিত একটি প্রোজেক্ট। ইংরেজি ভাষার শিক্ষার্থীদের শিক্ষণ বিষয়ক তথ্য এর অন্তর্গত।
http://www.colorincolorado.org/

এনগেজ এন ওয়াই
EngageNY.org (এনগেজএনওয়াই.অর্গ) নিউ ইয়র্ক স্টেট শিক্ষা বিভাগ (নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট, এন ওয়াই এস ই ডি) দ্বারা নির্মিত এবং পরিচালিত। এটির উদ্দেশ্য হল নিউ ইয়র্ক স্টেট বোর্ড অফ রিজেন্টস রিফর্ম এ্যাজেন্ডা-র মূল বিষয়গুলিকে প্রণয়ন করা। নিউ ইয়র্ক স্টেট জুড়ে শিক্ষাপ্রদানকারীরা যাতে সমস্ত শিক্ষার্থীকে কলেজ এবং পেশার জন্য প্রস্তুতকারী শিক্ষা প্রদান সংক্রান্ত রাজ্যের পরিকল্পনাকে বাস্তবায়িত করতে পারে, তার জন্য এনগেজএনওয়াই.অর্গ শিক্ষাপ্রদানকারীদের তাৎক্ষণিক, পেশাদারী শিক্ষা সরঞ্জাম এবং সম্পদ (রিয়েল টাইম, প্রফেশনাল লার্নিং টুলস এ্যান্ড রিসোর্সেস) দিয়ে সহায়তা প্রদান করতে বদ্ধপরিকর।
https://www.engageny.org/

ন্যাশনাল ক্লিয়ারিংহাউস ফর বাইলিঙ্গুয়াল এডুকেশন : *ইফ ইয়োর চাইল্ড লার্নস ইন টু ল্যাঙ্গুয়েজেস* (বুকলেট)
http://ncela.us/files/uploads/9/IfYourChildLearnsInTwoLangs_English.pdf

ন্যাশনাল পি টি এ: প্যারেন্টস গাইড টু স্টুডেন্ট সাক্সেস (জাতীয় পি টি এ : মাতা-পিতাদের জন্য শিক্ষার্থী-সাফল্য নির্দেশিকা)
http://www.pta.org/parents/content.cfm?ItemNumber=2583

এন ওয়াই সি ডি ও ই : ই এল এল ফ্যামিলি রিসোর্সেস (এন ওয়াই সি ডি ও ই : ই এল এল পরিবারদের সম্পদ)
http://schools.nyc.gov/Academics/ELL/FamilyResources/Activities+For+Parents.htm
http://schools.nyc.gov/Academics/ELL/FamilyResources/default.htm

নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট অফিস অফ বাইলিঙ্গুয়াল এডুকেশন এ্যান্ড ওয়ার্ল্ড ল্যাঙ্গুয়েজেস (নিউ ইয়র্ক স্টেট শিক্ষা বিভাগের দ্বি-ভাষিক শিক্ষা এবং
বিশ্ব ভাষা দপ্তর) http://www.p12.nysed.gov/biling/

নিউ ইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশন ডিরেক্টরি অফ সার্ভিস প্রোভাইডার্স (নিউ ইয়র্কের অভিবাসীর জন্য পরিষেবা-প্রদানকারীদের সংগঠিত তালিকা)
http://www.thenyic.org/sites/default/files/Low_Cost_Immigration_Service_Providers_Final_Draft_6.15.15_0.pdf

পি বি এস কিড্স (পি বি এস শিশু)
http://pbskids.org/

রিডিং রকেটস : ইংলিশ ল্যাঙ্গুয়েজ লারনার্স
http://www.readingrockets.org/reading-topics/english-language-learners

টিচার্স ফার্স্ট : আইডিয়াজ এ্যান্ড রিসোর্সেস ফর প্যারেন্টস অফ ই এস এল/ই এল এল স্টুডেন্টস (শিক্ষকদের অগ্রাধিকার : ই এস এল/ই এল এল শিক্ষার্থীদের মাতা-পিতাদের জন্য ভাবনা এবং সম্পদ)
http://www.teachersfirst.com/par-esl.cfm

দ্য টিচিং অফ ল্যাঙ্গুয়েজ আর্টস টু লিমিটেড ইংলিশ প্রফিসিয়েন্ট/ইংলিশ ল্যাঙ্গুয়েজ লারনার্স : লার্নিং স্ট্যান্ডার্ডস ফর নেটিভ ল্যাঙ্গুয়েজ আর্টস (ইংরেজি ভাষার সীমিত দক্ষ/ইংরেজি ভাষার শিক্ষার্থীদের ভাষা শিক্ষণ : দেশজ ভাষায় শিক্ষার মান)
http://www.p12.nysed.gov/biling/resource/NLA.html

ইউ এস ডিপার্টমেন্ট অফ এডুকেশন (যুক্তরাষ্ট্র শিক্ষা বিভাগ)
http://www.ed.gov/

ইউ এস ডি ও ই ফেডেরাল স্টুডেন্ট এইড পোর্টাল (যুক্তরাষ্ট্রের শিক্ষার্থী সহায়তা পোর্টাল)
https://studentaid.ed.gov/sa/resources/parents

ইউ এস ডি ও ই হেল্পিং মাই চাইল্ড সাক্সিড : টুলকিট ফর হিস্প্যানিক ফ্যামিলিস (আমার সন্তানকে সাফল্যলাভের সহায়তা : স্প্যানিশভাষী পরিবারদের সরঞ্জাম) (ইংরেজি এবং স্প্যানিশ) http://www2.ed.gov/parents/academic/involve/2006toolkit/index.html

ইউ এস ডি ও ই হেল্পিং ইয়োর চাইল্ড (আপনার সন্তানকে সাহায্য প্রদান) সিরিজ (ইংরেজি এবং স্প্যানিশ)
http://www2.ed.gov/parents/academic/help/hyc.html

তথ্যসমৃদ্ধ মাতা-পিতারা তাদের সন্তানের সবচেয়ে ভাল অধিবক্তা।

ই এল এল সংক্রান্ত নানা প্রশ্ন এবং উদ্বেগ নিরসনের জন্য অনুগ্রহ করে যোগাযোগ করুন:

**nysparenthotline@nyu.edu**

**(**৮০০**)** ৪৬৯-৮২২৪

প্রশ্নের জন্য দেখুন:

দ্বিভাষিক শিক্ষা এবং বিশ্ব ভাষা দপ্তর (ও বি ই ডাব্লিউ এল)

**http://www.p12.nysed.gov/biling/**

।

Prepared by the New York State Education Department, Office of Bilingual Education & World Languages
in collaboration with CUNY-New York State Initiative on Emergent Bilinguals (NYSIEB).
Special thanks to Dr. Carmina Makar and Dr. Dina López.